# জাতীয় বিশ্ববিদ্যালয়

## গাজীপুর-১৭০৪

সূত্র নং-৩৬(০০৩) জাতীঃ বিঃ/ এম. ফিল ও পিএইচ ডি/ ২০০৬/১/৯৩২ তারিখঃ ৩০/০৫/২০১৭

### এম ফিল ও পিএইচ ডি প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে এম ফিল ও পিএইচ ডি প্রোগ্রামে নিম্নবর্ণিত বিষয়সমূহে পূর্ণকালীন গবেষক ভর্তির জন্য অন-লাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

| গ্রুপ | এম ফিল প্রোগ্রামে ভর্তির বিষয়সমূহ | পিএইচ ডি প্রোগ্রামে ভর্তির বিষয়সমূহ |
|---|---|---|
| আর্টস | বাংলা, ইংরেজি, আরবি, সংস্কৃত, ইসলামিক স্টাডিজ, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | বাংলা, ইংরেজি, আরবি, সংস্কৃত, ইতিহাস, ইসলামিক স্টাডিজ, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, পালি |
| সোশ্যাল সায়েন্স | সমাজবিজ্ঞান, অর্থনীতি, গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি | সমাজবিজ্ঞান, অর্থনীতি, গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি, সমাজকর্ম, রাষ্ট্রবিজ্ঞান |
| ন্যাচারাল সায়েন্স | পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত, পরিসংখ্যান | পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত, পরিসংখ্যান |
| লাইফ এন্ড আর্থ সায়েন্স | প্রাণিবিদ্যা, উদ্ভিদবিজ্ঞান, মৃত্তিকাবিজ্ঞান, মনোবিজ্ঞান | প্রাণিবিদ্যা, উদ্ভিদবিজ্ঞান, মৃত্তিকাবিজ্ঞান, মনোবিজ্ঞান |
| বিজনেস স্টাডিজ | একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস, ম্যানেজমেন্ট স্টাডিজ, মার্কেটিং, ফিন্যান্স এন্ড ব্যাংকিং | একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস, ম্যানেজমেন্ট স্টাডিজ, মার্কেটিং, ফিন্যান্স এন্ড ব্যাংকিং |

বাংলাদেশের সমাজ চাহিদা ও উন্নয়ন, সাংস্কৃতিক ঐতিহ্য, জাতিরাষ্ট্র গঠন প্রক্রিয়া, মহান মুক্তিযুদ্ধ, রাজনৈতিক, অর্থনৈতিক, শিক্ষা ও সামাজিক চ্যালেঞ্জসমূহের সাথে সংশ্লিষ্ট গবেষণা কর্মকে অগ্রাধিকার দেয়া হবে।

১. ভর্তির যোগ্যতা

ক. এম ফিল ভর্তির ক্ষেত্রে

i. প্রার্থীর সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণিসহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় আলাদাভাবে ন্যূনপক্ষে ৫০% নম্বর থাকতে হবে। তবে বাংলা ও ইংরেজি বিষয়ের ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় গড়ে ৫০% নম্বর থাকলে ভর্তির জন্য আবেদন করা যাবে।

ii. স্নাতক (পাস) সহ স্নাতকোত্তর ডিগ্রিধারীদের ক্ষেত্রে উভয় পরীক্ষায় আলাদাভাবে কমপক্ষে ৫৫% নম্বর থাকতে হবে। তবে বাংলা ও ইংরেজী বিষয়ের ক্ষেত্রে স্নাতক (পাস) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় গড়ে ৫০% নম্বর থাকলে ভর্তির জন্য আবেদন করা যাবে।

খ. পিএইচ ডি ভর্তির ক্ষেত্রে

i. এম ফিল / সমমানের ডিগ্রিধারী হতে হবে।

অথবা

ii. বিশ্ববিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ/ প্রতিষ্ঠানের শিক্ষক যাদের শিক্ষা জীবনে ন্যূনতম ৩ টি প্রথম বিভাগ/ শ্রেণি, ৩ বছর শিক্ষকতার অভিজ্ঞতা এবং স্বীকৃতমানের জার্নালে কমপক্ষে ১ টি গবেষণামূলক প্রকাশনা রয়েছে *(এক্ষেত্রে প্রার্থীকে প্রবন্ধের মূল লেখক বা First Author হতে হবে)* তারা সরাসরি পিএইচ ডি প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন। বাংলা ও ইংরেজি বিষয়ের ক্ষেত্রে শিক্ষা জীবনে ন্যূনতম ২ টি প্রথম বিভাগ/ শ্রেণি থাকতে হবে।

CGPA এর ক্ষেত্রে নিম্নরূপ নিয়ম অনুসরণ করা হবে :

| এসএসসি/এইচএসসি বা সমমান | অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত জিপিএ এর ক্ষেত্রে অর্জিত সিজিপিএ | সমতুল্য শ্রেণি বা বিভাগ |
|---|---|---|
| ৫.০০ স্কেল | ৪.০০ স্কেলে | |
| জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | প্রথম |
| জিপিএ ২.০০ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | জিপিএ ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | দ্বিতীয় |

২. শর্তাবলী :

ক. প্রার্থী শুধুমাত্র তার স্নাতক (সম্মান)/ স্নাতকোত্তর বিষয় সংশ্লিষ্ট ফিল্ডে এম ফিল/পিএইচ ডি করতে পারবেন।

খ. প্রাথমিক মৌখিক পরীক্ষার সময় গবেষণা শিরোনামসহ Plan of Studies জমা দিতে হবে।

গ. প্রার্থীকে তার এম ফিল/পিএইচ ডি গবেষণা প্রস্তাব বিশেষজ্ঞ প্যানেলের সামনে ডিফেন্ড করতে হবে।

ঘ. ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয় ও অধিভুক্ত কলেজ/ ইনস্টিটিউটের শিক্ষকদের অগ্রাধিকার দেয়া হবে।

ঙ. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, প্রকাশনা, প্রশিক্ষণ, Plan of Studies ও ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ভর্তি ও ফেলোশিপ প্রদানের জন্য মনোনয়ন দেয়া হবে।

চ. আবেদনকারী শুধুমাত্র তার স্নাতকোত্তর বিষয়ে এম ফিল/পিএইচ ডি প্রোগ্রামে ভর্তি হতে পারবে।

ছ. এম ফিল প্রোগ্রামে ভর্তিকৃত গবেষক প্রথম বর্ষের তত্ত্বীয় ও মৌখিক পরীক্ষায় পৃথকভাবে ন্যূনপক্ষে ৬০% নম্বর, গবেষণায় অগ্রগতি সন্তোষজনক এই মর্মে সুপারভাইজার-এর সুপারিশ এবং এম ফিল কোর্সওয়ার্ক চলাকালীন স্বীকৃতমানের জার্নালে ১ টি গবেষণামূলক প্রকাশনা থাকলে গবেষক পিএইচ ডি প্রোগ্রামে স্থানান্তরের জন্য আবেদন করতে পারবেন।

৩. রেজিস্ট্রেশন

ক. বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী একজন প্রার্থী পূর্ণকালীন গবেষক হিসেবে কেবলমাত্র একটি কোর্সে/বিষয়ে ভর্তি হতে ও রেজিস্ট্রেশন করতে পারবে।

খ. ভর্তিকৃত গবেষককে সর্বোচ্চ ৪ (চার) শিক্ষাবর্ষের মধ্যে এম ফিল এবং সর্বোচ্চ ৬ (ছয়) শিক্ষাবর্ষের মধ্যে পিএইচ ডি ডিগ্রি অর্জন করতে হবে।

৪. প্রোগ্রামের মেয়াদ

এম ফিল প্রোগ্রামের মেয়াদ এক বছরের কোর্সওয়ার্কসহ ০২ (দুই) বছর এবং পিএইচ ডি প্রোগ্রামের মেয়াদ ০৩ (তিন) বছর।

৫. ফেলোশিপ সংক্রান্ত তথ্যাদি ও শর্তাবলী

ক. এম ফিল ও পিএইচ ডি প্রোগ্রামে গবেষকদের ফেলোশিপ প্রাপ্তির ক্ষেত্রে আবেদনকারীর বয়স আবেদনের শেষ তারিখে যথাক্রমে অনধিক ৪০ (চল্লিশ) এবং ৪৫ (পঁয়তাল্লিশ) বছর হতে হবে। ফেলোশিপ ব্যতীত ভর্তির ক্ষেত্রে বয়সসীমা প্রযোজ্য নয়।

খ. ফেলোশিপের নিয়মাবলী যথাযথভাবে অনুসরণ এবং নির্ধারিত শর্ত পূরণ সাপেক্ষে যোগ্য প্রার্থীদের এম ফিল প্রোগ্রামের ক্ষেত্রে মাসিক ৫,০০০.০০ (পাঁচ হাজার) হারে প্রতি বিষয়ে একজনকে সর্বোচ্চ ২ বছরের জন্য এবং পিএইচ ডি প্রোগ্রামের ক্ষেত্রে মাসিক ৭,০০০.০০ (সাত হাজার) টাকা হারে প্রতি বিষয়ে একজনকে সর্বোচ্চ ৩ বছরের জন্য ফেলোশিপ প্রদান করা হবে।

গ. ভর্তির জন্য মনোনীত প্রার্থীদের এম ফিল/পিএইচ ডি থিসিস রচনা ও প্রিন্টিং খরচ বাবদ এককালীন ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা দেয়া হবে।

ঘ. উভয় প্রোগ্রামে বিজ্ঞান বিষয়ে প্রতি গবেষককে ল্যাবরেটরী খরচ বাবদ এককালীন আরও ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা দেয়া হবে।

ঙ. ফেলোশিপের জন্য কেবলমাত্র জাতীয় বিশ্ববিদ্যালয় ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারী / বেসরকারী কলেজ/ ইনস্টিটিউটের পূর্ণকালীন শিক্ষকগণ আবেদন করতে পারবেন।

চ. ফেলোশিপপ্রাপ্ত গবেষককে কোর্স চলাকালীন পূর্ণ ছুটিতে থাকতে হবে।

| ৬. | আবেদন ফরম পূরণ ও জমাদান | |
|---|---|---|
| | ক. | আবেদনকারী নির্দিষ্ট (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) website এ Master's Tab এ গিয়ে Apply Now ( NU on Campus MAS/ Advanced MBA/ M.Phil/ Ph.D) অপশনে ক্লিক করতে হবে এবং website-এ প্রদর্শিত তথ্য ছকে সংশ্লিষ্ট স্নাতক (পাস)/ স্নাতক ( সম্মান) পরীক্ষার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | রোল নম্বর, বিশ্ববিদ্যালয়ের নাম, পাসের সন, ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল নম্বর সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। | | |
| | খ. | প্রাথমিক আবেদন ফরম পূরণের ক্ষেত্রে প্রার্থীকে সতর্কতার সংগে নিজের নাম, পিতা/মাতার নাম, শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য নির্ভুলভাবে এন্ট্রি দিতে হবে। এই ফরমে প্রার্থীর কোন তথ্য ভুল/অসত্য বলে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে। ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি **Scan** করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে ১২০×১৫০ pixels, Image Type: jpg এবং Maximum file size: 50Kb. | | |
| | গ. | সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [A4 (8.5"X11")] অফসেট সাদা কাগজ প্রিন্ট (**Print**) নিতে হবে। | | |
| | ঘ. | আবেদন ফরম জাতীয় বিশ্ববিদ্যলয়ে জমাদানের পূর্বে কোন প্রার্থী তার প্রাথমিক আবেদন ফরমটি বাতিল/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে **Master's Tab**-এ গিয়ে **Applicant's Login ((NU on Campus MAS/ Advanced MBA/ M.Phil/ Ph.D)** অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে **Form Cancel/Photo Change Option** এ গিয়ে **Click to Generate the OTP** অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই **OTP** এন্ট্রি দিয়ে শিক্ষার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে। | | |
| | ঙ. | প্রাথমিক আবেদন পে স্লিপ ডাউনলোড<br>প্রার্থীকে **Student Login Option-** এ গিয়ে **Download Pay Slip** লিংক থেকে সোনালী সেবার **Pay Slip Download** করে **Print** করতে হবে। উক্ত **Print Copy** নির্ধারিত সময়ের মধ্যে নিকটস্থ যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।<br>নিম্নির নির্দেশনাটি অনুসরণ করুনঃ<br>Student Login → Download Pay Slip → Print Slip → Submit it to Bank | | |
| | চ. | আবেদনকারী কে প্রাথমিক আবেদন ফি ১,০০০/- (একহাজার) টাকা সোনালী সেবার মাধ্যমে জমা দিতে হবে। | | |
| | ছ. | লিখিত পরীক্ষা/ সাক্ষাৎকারের দিন আবেদনকারীকে শিক্ষাগত যোগ্যতার একসেট সত্যায়িত কপি, প্রিন্ট্রকৃত অনলাইন আবেদন ফরম, সোনালী সেবার মাধ্যমে প্রাথমিক আবেদন ফি জমা স্লিপ-সহ জাতীয় বিশ্ববিদ্যালয় এর একাডেমিক ভবনে সংশ্লিষ্ট একাডেমিক কমিটির চেয়ারম্যানের কার্যালয়ে উপস্থিত হতে হবে। | | |
| | জ. | বিশ্ববিদ্যালয়, কলেজ/ইনস্টিটিউট এর শিক্ষকদের স্বীয় প্রতিষ্ঠানের রেজিস্ট্রার/ অধ্যক্ষের মাধ্যমে ভর্তির জন্য আবেদন করতে হবে। ভর্তির সময় প্রাথমিক অনুমতিপত্র জমা দিতে হবে। ভর্তির সময় সরকারী কলেজের শিক্ষকদের মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর /শিক্ষা মন্ত্রণালয়ের অনুমতি এবং বেসরকারী কলেজের শিক্ষকদের কলেজের গভর্নিং বডির অনুমতি লাগবে। চাকুরীরত অন্যান্য প্রার্থীদের ক্ষেত্রে বর্তমানে কর্মরত প্রতিষ্ঠান প্রধানের প্রাথমিক অনুমতি পত্র এবং ভর্তির সময় স্ব স্ব নিয়োগকর্তার চূড়ান্ত অনুমতি পত্র জমা দিতে হবে। | | |
| | ঝ. | ভর্তির সময় অবশ্যই বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে মূল সনদ ও নম্বরপত্র প্রদর্শন করতে হবে। অন্যথায় আবেদনকারী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন। | | |
| ৬. | আবেদনের সময়সীমা ও ভর্তি কার্যক্রম | | | |
| | ক. | অনলাইনে আবেদন ফরম পূরণ | : | ০৫/০৬/২০১৭ থেকে ০৮/০৭/২০১৭ পর্যন্ত |
| | খ. | সোনালী সেবার মাধ্যমে প্রাথমিক আবেদন ফি জমা দেয়ার তারিখ<br>[প্রাথমিক আবেদন ফি প্রার্থী প্রতি ১,০০০/- (একহাজার) টাকা প্রার্থীকে নির্ধারিত তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে রোল ও পিন দিয়ে **Login** করতে হবে। এ লক্ষ্যে প্রার্থীকে **Master's Tab** সিলেক্ট করে **Applicant Log in (NU on Campus MAS/ Advanced MBA/ M.Phil/ Ph.D)** অপশন ক্লিক করতে হবে। পরবর্তীতে প্রার্থী **Download** অপশন ক্লিক করলে তার পে-স্লিপ প্রিন্ট হবে। পে-স্লিপে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে উল্লেখিত কোর্সের জন্য সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নং- ২০২৭০১৫ উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে।] | : | ০৯/০৭/২০১৭ থেকে ১২/০৭/২০১৭ পর্যন্ত |
| | গ. | ভর্তি পরীক্ষা/ সাক্ষাৎকার | : | ১৬/০৭/২০১৭ ও |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | ১৭/০৭/২০১৭ |
| | ঘ. | ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ | : | ২০/০৭/২০১৭ |
| | ঙ. | ভর্তির তারিখ<br>ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি ফি সোনালী সেবার মাধ্যমে পরিশোধ করবে। এ লক্ষ্যে নির্ধারিত সময়ে **Login** এর মাধ্যমে **Admission Payment Info (NU on Campus MAS/ Advanced MBA/ M.Phil/ Ph.D)** অপশনে ক্লিক করে **Pay Slip** ডাউনলোড করবে। **Pay Slip** এ কোর্স ও শিক্ষাবর্ষে "রেজিস্ট্রেশন ফি" খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- ২০২৭০১৫ উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করবে। | : | ২৩/০৭/২০১৭ থেকে ২৫/০৭/২০১৭ পর্যন্ত |
| | চ. | ক্লাশ শুরুর তারিখ | : | ২৭/০৭/২০১৭ |

৭. নির্ধারিত সময়ের পর কোনক্রমেই আবেদন গ্রহণ করা হবে না। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

৮. ভর্তি বিজ্ঞপ্তির যে কোন শর্ত বাতিল বা পরিবর্তনের ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

বি.দ্র: ভর্তি বিজ্ঞপ্তি, অনলাইন আবেদন ফরম ও ভর্তি সংক্রান্ত সকল তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nu.edu.bd –এ পাওয়া যাবে। তাছাড়া সংশ্লিষ্ট একাডেমিক কমিটির সাথে নিম্নোক্ত নম্বরে যোগাযোগ করা যাবে।

আর্টস গ্রুপ- ০২-৯২৯২০৭২; সোশ্যাল সায়েন্স গ্রুপ-০২৯২৯২০৯২; ন্যাচারাল সায়েন্স গ্রুপ-০১৭৪২-৮৪৬৪১৪; লাইফ এন্ড আর্থ সায়েন্স গ্রুপ- ০২-৯২৯১০৮৯ অথবা ০১৭১২-০৭৬২৮০; বিজনেস স্টাডিজ গ্রুপ- ০১৯৮২-৬৯৯৭৮১ (অফিস চলাকালীন)।

(প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেন)
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
ফোন : ০২-৯২৯১০৭৪

সূত্র নং- ৩৬(০০৩) জাতীঃ বিঃ/ এম. ফিল ও পিএইচ ডি/ ২০০৬/১/৯৩২ তারিখঃ ৩০/০৫/২০১৭

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
২. সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা
৪. সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫. সকল চেয়ারম্যান, একাডেমিক কমিটি, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬. পরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭. পরিচালক, তথ্য প্রযুক্তি (আই সি টি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়। (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হলো)
৮. পরিচালক, জনসংযোগ,তথ্য ও পরামর্শ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৯. সচিব ও উপ-রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১০. উপ-পরিচালক, তথ্য ও পরামর্শ সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়

১১. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর (প্রশাসন) এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১২. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর (একাডেমিক) এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১৩. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১৪. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১৫. অফিস কপি / নোটিশ বোর্ড

৩০/০৫/২০১৯

(মোঃ শহীদুর রহমান)
উপ-রেজিস্ট্রার
এম ফিল, পিএইচ ডি ও অন-ক্যাম্পাস মাস্টার্স প্রোগ্রাম
ফোন : ০২-৯২৯২০৩৮
মোবাইল : ০১৭৯৬২৮৪৫৯৭